আমারে পাড়ায় পাড়ায় খেপিয়ে বেড়ায় কোন্ খেপা সে !
ওরে আকাশ জুড়ে মোহন সুরে কী যে বাজে কোন্ বাতাসে ॥
গেল রে গেল বেলা, পাগলের কেমন খেলা—
ডেকে সে আকুল করে, দেয় না ধরা ।
তারে কানন-গিরি খুঁজে ফিরি, কেঁদে মরি কোন্ হুতাশে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Style: Bauler sur
Visit www.geetabitan.com for notation and other detail